ভোরের কাগজ

FEB. 2 6 2001

# বাংলাদেশ উচ্চশিক্ষা গোলটেবিল ২৮ ফেব্রুয়ারি ও ১ মার্চ

বিশ্বব্যাংক উন্নয়নশীল দেশের শিক্ষা খাতের সার্বিক উন্নয়নে শিগগিরই বাংলাদেশসহ দক্ষিণ এশিয়ার বিভিন্ন দেশে এবং বিশ্বের অন্যান্য স্থানে আলোচনার আয়োজন করবে। এই আলোচনা উচ্চ শিক্ষা পদ্ধতিতে কারিগরি জ্ঞান সরবরাহে বিশ্বব্যাংকের পরামর্শ সেবার অংশবিশেষ। বাসস।

দক্ষিণ এশিয়ার আয়োজক তিনটি দেশের মধ্যে বাংলাদেশ অন্যতম। এসব আলোচনায় উচ্চ শিক্ষা সংস্কারের ব্যাপারে মতবিনিময় করা হবে। আশা করা হচ্ছে এসব বৈঠক একুশ শতকের উপযোগী কর্মশক্তি উন্নয়নে বিশ্বব্যাংকের সঙ্গে সংশ্লিষ্ট দেশগুলোর জন্য সহায়ক হবে। দক্ষিণ এশিয়ার অন্য দুটি আয়োজক দেশ হচ্ছে শ্রীলঙ্কা ও পাকিস্তান।

বিশ্বব্যাংকের এক বিবৃতিতে বলা হয়, 'বাংলাদেশ উচ্চ শিক্ষা গোলটেবিল' শীর্ষক ২ দিনব্যাপী এক আলোচনা আগামী ২৮ ফেব্রুয়ারি ও ১ মার্চ অনুষ্ঠিত হবে। এই আলোচনার প্রধান উদ্দেশ্য হচ্ছে বাংলাদেশে বিশেষ করে উচ্চশিক্ষার ক্ষেত্রে পরিকল্পনা প্রণয়ন ও তা বাস্তবায়নে সমস্যাগুলো পর্যালোচনার সুযোগদান। এই কর্মকাণ্ড প্রথম শুরু হবে দক্ষিণ এশিয়ায় এবং এতে নেপাল ও ভারতসহ সমগ্র অঞ্চলের অতিনিধিরা অংশগ্রহণ করবেন। এই আলোচনায় সরকার, সুশীল সমাজ এবং সরকারি ও বেসরকারি উচ্চ শিক্ষা প্রতিষ্ঠানের প্রতিনিধিরা বিশেষজ্ঞ হিসেবে অংশগ্রহণ করবেন। উচ্চশিক্ষার ক্ষেত্রে কৌশলগত পরিকল্পনা ও অর্থায়নের অভিজ্ঞতা সম্পন্ন বিশেষজ্ঞরা আলোচনায় অংশ নেবেন, যাতে করে স্থানীয় ও সফররত অংশগ্রহণকারীরা প্রক্রিয়ার চাইতে বরং বিষয়ের ওপর বেশি মনোযোগ দিতে পারেন।

মূল অধিবেশনে অংশগ্রহণকারীরা বাংলাদেশের মানবসম্পদ উন্নয়নের লক্ষ্য সংক্রান্ত বাস্তব পরিকল্পনাসমূহ পরীক্ষা-নিরীক্ষা করবে। বিবৃতিতে বলা হয়, সরকারি পর্যায়, বেসরকারি ও সরকারি উচ্চ শিক্ষা প্রতিষ্ঠান, বেসরকারি সংগঠন, বেসরকারি শিল্প প্রতিষ্ঠান এবং দাতাগোষ্ঠীর ৮০ জনেরও বেশি প্রতিনিধি প্রথমবারের মতো এ আলোচনায় যোগদান করবেন।

ইতিমধ্যে এ ব্যাপারে তিনটি প্রকাশনা বেরিয়েছে। প্রকাশনাগুলো হচ্ছে- বাংলাদেশের জাতীয় শিক্ষানীতি, বাংলাদেশের শিক্ষা খাত বিশ্বব্যাংকের পর্যালোচনা এবং উচ্চশিক্ষা সংক্রান্ত স্বতন্ত্র টাস্কফোর্সের রিপোর্ট।